ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৯৭
পানিসাগর, ১৮ অক্টোবর, ২০২৫

**পানিসাগরে মহকুমাভিত্তিক শচীন দেববর্মনের জন্মজয়ন্তী উদযাপন**

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং পানিসাগর নগর পঞ্চায়েতের যৌথ উদ্যোগে গতকাল পানিসাগর টাউন হলে মহকুমাভিত্তিক সুর সম্রাট কুমার শচীন দেববর্মণের জন্মজয়ন্তী উদযাপিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের কাউন্সিলার বাসুদেব দাস, সমাজসেবী অনন্ত দাস, বিবেকানন্দ দাস, রাজ্য সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্যা মৌসুমী দেবনাথ, মহকুমা সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির সদস্য রাহুল দাস প্রমুখ। অনুষ্ঠানে অতিথিগণ সুর সম্রাট শচীন দেববর্মণের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন। অনুষ্ঠানে অতিথিগণ শচীন দেববর্মণের জীবনী নিয়ে আলোচনা করেন। পানিসাগর মহকুমার ৯টি সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ অনুষ্ঠানে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন।

*****